রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুন ১, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**এক্সচেঞ্জ ও আইসিবি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/০১ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ১৪৪-আইন/২০১৬।**—ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ (২০১৪ সনের ১২ নং আইন) এর ধারা ৩৯, ধারা ১৩ ও ১৪ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক এবং উহার অধীনস্থ কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"অধীনস্থ কোম্পানি"** অর্থ আইনের ধারা ১৮ এর অধীন কর্পোরেশন কর্তৃক প্রতিষ্ঠিত কোন কোম্পানি;

(২) **"আইন"** অর্থ ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ (২০১৪ সনের ১২ নং আইন);

(৩) **"কর্পোরেশন"** অর্থ আইনের ধারা ২ এর দফা (০৪) এ সংজ্ঞায়িত কর্পোরেশন;

(৪) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(৫) **“পদ”** অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোন পদ;

(৬) **“বাছাই কমিটি”** অর্থ বিধি ৬ এর অধীন গঠিত বাছাই কমিটি;

(৭) **“সরকার”** অর্থ অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;

(৮) **“সাক্ষাতকার কমিটি”** অর্থ বিধি ৮ এর অধীন গঠিত সাক্ষাতকার কমিটি;

(৯) **“সিজিপিএ”** অর্থ Cumulative Grade Point Average।

৩। **নিয়োগ পদ্ধতি।**––তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যাইবে, যথা:––

(১) পদোন্নতির মাধ্যমে; এবং
(২) আন্তঃবদলির মাধ্যমে ।

৪। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**––সরকার, বিধি ১০ এর বিধান সাপেক্ষে, সাক্ষাতকার কমিটির সুপারিশের ভিত্তিতে মহাব্যবস্থাপক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রদান করিবে।

৫। **আন্তঃবদলির মাধ্যমে নিয়োগ।**––সরকার, অধীনস্থ কোম্পানি পরিচালনার জন্য প্রয়োজনীয় পেশাগত ও প্রশাসনিক দক্ষতা বিবেচনা করিয়া কর্পোরেশনের কোন মহাব্যবস্থাপককে আন্তঃবদলির মাধ্যমে অধীনস্থ কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগ করিতে পারিবে।

৬। **বাছাই কমিটি গঠন ও উহার কর্মপরিধি।––(১)** বোর্ড, আদেশ দ্বারা, মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে যোগ্য প্রার্থীর তালিকা প্রণয়নের জন্য ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করিবে।

(২) বাছাই কমিটি বিধি ৭ ও তফসিল-২ এর অংশ-১ এ উল্লিখিত বিষয়াবলি এবং বণ্টনকৃত নম্বর বিবেচনা করিয়া সাক্ষাতকার গ্রহণের যোগ্য প্রার্থী নির্বাচনপূর্বক একটি তালিকা প্রস্তুত করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন নম্বর বন্টনের ক্ষেত্রে প্রার্থী সমগ্র চাকরি জীবনে শৃঙ্খলামূলক বা বিভাগীয় মামলায় শাস্তিপ্রাপ্ত হইলে তাহার মোট নম্বর হইতে প্রতিটি লঘুদণ্ডের জন্য ২ (দুই) নম্বর এবং প্রতিটি গুরুদণ্ডের জন্য ৫ (পাঁচ) নম্বর কর্তন করা হইবে।

(৪) বাছাই কমিটি তদ্‌কর্তৃক প্রস্তুতকৃত যোগ্য প্রার্থীর তালিকা সাক্ষাতকার কমিটিতে প্রেরণ করিবে।

৭। **বিচারাধীন এবং দণ্ডপ্রাপ্ত কর্মকর্তার মহাব্যবস্থাপক পদে পদোন্নতি।**––(১) কোন কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগনামা দাখিল বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক অভিযোগ নামা দাখিল বা ফৌজদারি মামলা দায়েরের সরকারি মঞ্জুরি প্রদান করা হইলে অথবা উক্তরূপ কারণে কোন কর্মকর্তাকে গ্রেফতার করা হইলে উক্ত মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(২) কোন কর্মকর্তার উপর বিভাগীয় কার্যাধারার অধীন দণ্ড আরোপ করা হইলে তিনি তাঁহার দণ্ড ভোগের মেয়াদ শেষে লঘু দণ্ডের ক্ষেত্রে ১ (এক) বৎসর এবং গুরুদণ্ডের ক্ষেত্রে ৩ (তিন) বৎসর পদোন্নতির যোগ্য বিবেচিত হইবেন না এবং আর্থিক জরিমানা করা হইলে সম্পূর্ণ অর্থ আদায় না হওয়া পর্যন্ত পদোন্নতির যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) কোন কর্মকর্তা বিভাগীয় কার্যধারার অভিযোগ হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে বা উক্ত মামলায় দোষী সাব্যস্ত না হইলে বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা অথবা ফৌজদারী মামলার অভিযোগ হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে তিনি মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য বিবেচিত হইবেন এবং এইরূপ পদোন্নতির ক্ষেত্রে তিনি ধারণাগত জ্যেষ্ঠতা প্রাপ্ত হইবেন।

৮। **সাক্ষাতকার কমিটি গঠন ও উহার কর্মপরিধি** ।—সরকার, সরকারি আদেশ দ্বারা, মহাব্যবস্থাপক পদে পদোন্নতির সুপারিশ প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে একটি সাক্ষাতকার কমিটি গঠন ও উহার কর্মপরিধি নির্ধারণ করিতে পারিবে।

৯ । **সাক্ষাতকার গ্রহণ ও নম্বর প্রদানের পদ্ধতি।**—(১) সাক্ষাতকার কমিটির প্রত্যেক সদস্য পৃথকভাবে তফসিল ২ এর অংশ-২ এ উল্লিখিত নম্বরের মধ্যে তদকর্তৃক যথাযথ বিবেচিত নম্বর প্রদান করিবেন।

(২) সাক্ষাতকার কমিটি উপ-বিধি (১) এর অধীন নম্বর প্রদান করিবার ক্ষেত্রে বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর নিম্নবর্ণিত বিষয়াবলি মূল্যায়ন করিবে, যথা:—

(ক) ব্যক্তিত্ব, শিষ্টাচার, উপস্থাপনা ও নিয়ন্ত্রণ ক্ষমতা;

(খ) আর্থিক বাজার, বিশেষতঃ পুঁজিবাজার পরিচালনা, উন্নয়ন এবং এতদ্‌সংক্রান্ত আইন ও বিধি সম্পর্কে জ্ঞান;

(গ) পুঁজিবাজার সম্পর্কিত সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং প্রতিবিধানের ব্যবস্থা গ্রহণের যোগ্যতা;

(ঘ) গবেষণা সন্দর্ভ (Research dissertation) বা গবেষণা প্রতিবেদন বা স্বীকৃত জার্নালে প্রকাশিত নিবন্ধ; এবং

(ঙ) বাংলা ও ইংরেজি উভয় ভাষায় সম্যক জ্ঞান এবং তা প্রাঞ্জলভাবে প্রকাশ এবং উপস্থাপনের ক্ষমতা।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রত্যেক সদস্য কর্তৃক প্রদত্ত নম্বরের গড়ের ভিত্তিতে প্রার্থীর প্রাপ্ত নম্বর নির্ধারিত হইবে ।

(৪) কোন প্রার্থী সাক্ষাতকারের জন্য নির্ধারিত নম্বরের ন্যূনতম ৬০ (ষাট) শতাংশ নম্বর অর্জনে ব্যর্থ হইলে তিনি পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

(৫) সাক্ষাতকারে একাধিক প্রার্থীর প্রাপ্ত নম্বর সমান হইলে সেক্ষেত্রে অপেক্ষাকৃত বয়োজ্যেষ্ঠ প্রার্থী যোগ্যতর হিসাবে বিবেচিত হইবেন।

(৬) সাক্ষাতকার কমিটি বিধি ৬ এর উপ-বিধি (৪) এর অধীন প্রাপ্ত তালিকায় উল্লিখিত ব্যক্তিগণের সাক্ষাতকার গ্রহণ করতঃ পদোন্নতির জন্য সুনির্দিষ্ট সুপারিশসহ মেধাক্রমানুসারে প্রার্থীদের তালিকা সম্বলিত প্রতিবেদন বোর্ডের মাধ্যমে সরকারের বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করিবে।

১০। **প্যানেল প্রস্তুত ও চূড়ান্তকরণ।**—(১) সাক্ষাতকার কমিটির সুপারিশ বিবেচনা করিয়া সরকার মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য একটি প্যানেল অনুমোদন করিবে, যাহার মেয়াদ ৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকিবে।

(২) সরকার, উপ-বিধি (১) এর অধীন অনুমোদিত প্যানেলের ক্রমানুসারে, শূন্য পদের বিপরীতে মহাব্যবস্থাপক পদে পদোন্নতির আদেশ জারি করিবে।

**তফসিল-১**

[বিধি ২ (৫) ও ৩ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | উপ-ব্যবস্থাপনা পরিচালক | রাষ্ট্র মালিকানাধীন কোন ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ৯-৩-১৯৯৬ খ্রিঃ তারিখের ''মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের নিয়োগ পদ্ধতি ও নিয়োগের শর্তাবলী'' শিরোনামাধীন প্রজ্ঞাপন অনুসারে। | | |
| ২। | প্রধান নির্বাহী কর্মকর্তা | --- | আন্তঃবদলির মাধ্যমে। | আইনের ধারা ১৪ অনুযায়ী কর্পোরেশনের মহাব্যবস্থাপকদের মধ্য হইতে। |
| ৩। | মহাব্যবস্থাপক | --- | পদোন্নতির মাধ্যমে। | (ক)উপ-মহাব্যবস্থাপক, সিস্টেম ম্যানেজার বা সমমানের পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা; এবং<br>(খ)তফসিল-২ এ উল্লিখিত যোগ্যতার ভিত্তিতে। |

**তফসিল-২**

**[বিধি ৬ (২) ও ৯ (১) দ্রষ্টব্য]**

**অংশ-১**

**বাছাই কমিটি কর্তৃক অনুসরণীয়**

| ক্রমিনং | বিষয় | নম্বর |
|---|---|---|
| (১) | **বার্ষিক গোপনীয় প্রতিবেদন**—কমিটি বার্ষিক গোপনীয় প্রতিবেদনের নম্বর প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করিবে, যথা:—<br>(ক) অব্যবহিত পূর্ববর্তী ৫ (পাঁচ) বৎসরের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রাপ্ত নম্বরের গড়ের ভিত্তিতে নম্বর নির্ণীত হইবে। তবে কোনক্রমেই ৪ (চার) বৎসরের কম সময়ের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রাপ্ত নম্বরের গড় গ্রহণযোগ্য হইবে না;<br>(খ) কোন বৎসরের একাধিক খন্ডকালিন গোপনীয় প্রতিবেদন থাকিলে প্রতিবেদনসমূহের নম্বরের গড়ের ভিত্তিতে উক্ত বৎসরের প্রাপ্ত নম্বর নির্ণীত হইবে;<br>(গ) প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নম্বর চূড়ান্ত বলিয়া গণ্য হইবে:<br>তবে শর্ত থাকে যে, প্রচলিত বিধি অনুসারে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার মূল্যায়ন না থাকিলে অনুবেদনকারী কর্মকর্তার মূল্যায়ন গ্রহণযোগ্য হইবে:<br>আরো শর্ত থাকে যে, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার মূল্যায়ন না থাকিলে অনুবেদনকারী কর্মকর্তার মূল্যায়ন গ্রহণ করিবার ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার বা, ক্ষেত্রমত, তাহার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের এতদসম্পর্কিত ব্যাখ্যা থাকিতে হইবে; এবং<br>(ঘ) প্রার্থীর সমগ্র চাকরি জীবনের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য বহাল থাকিলে জ্ঞাপিত কিংবা বহালকৃত প্রত্যেক বৎসরের বিরূপ মন্তব্যের জন্য ২ (দুই) নম্বর করিয়া বিয়োজন হইবে। | ৫০ |
| (২) | **শিক্ষাগত যোগ্যতা**—<br>(ক) <u>স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী</u><br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ — ৫.০০<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ — ৪.০০<br>(ই) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ — ৩.০০<br>(খ) <u>স্নাতক (অনার্স) বা সমমানের ডিগ্রী</u><br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ — ৪.০০<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ — ৩.০০<br>(ই) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ — ২.০০<br>(গ) <u>স্নাতক (পাস) বা সমমানের ডিগ্রী</u><br>(অ) প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ — ৩.৫০<br>(আ) দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ — ২.০০<br>(ই) তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ — ১.০০ | ১৫ |

| ক্রমিনং | বিষয় | নম্বর |
|---|---|---|
| | (ঘ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট<br>(অ) প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ ৩.০০<br>(আ) দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ ২.০০<br>(ই) তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ ----<br>(ঙ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট<br>(অ) প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ ৩.০০<br>(আ) দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ ২.০০<br>(ই) তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ ----<br>(চ) শিক্ষাগত যোগ্যতার নম্বর প্রদানের ক্ষেত্রে চার বা ততোধিক বৎসর অধ্যয়ন শেষে স্নাতক ডিগ্রীপ্রাপ্তদের ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ এর স্নাতক ডিগ্রী প্রাপ্তি সাপেক্ষে, স্নাতক ডিগ্রীতে প্রাপ্ত শ্রেণির ভিত্তিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় ক্ষেত্রে নম্বর প্রাপ্য হইবে;<br>(ছ) যে সকল প্রার্থীর একাধিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী রহিয়াছে, সেক্ষেত্রে যে বিষয়ে তিনি অধিকতর ভাল ফলাফল অর্জন করিয়াছেন নম্বর প্রদানের ক্ষেত্রে সেই বিষয়ের ডিগ্রী বিবেচিত হইবে;<br>(জ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড বা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত সনদ শিক্ষাগত যোগ্যতার জন্য নির্ধারিত নম্বর প্রাপ্তির ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে। | |
| (৩) | **পেশাগত যোগ্যতা—**<br>(ক) ব্যাংকিং ডিপ্লোমা প্রথম পর্ব উত্তীর্ণ - ২.০০<br>ব্যাংকিং ডিপ্লোমা দ্বিতীয় পর্ব উত্তীর্ণ - ৩.০০<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা স্বীকৃত বোর্ড বা স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মাস্টার্স ইন ব্যাংক ম্যানেজমেন্ট (এমবিএম), চার্টার্ড একাউন্টস (সিএ), চার্টার্ড ফাইন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ), কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস (সিএমএ), ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (ডিসিএম) বা পুঁজিবাজারের উপর স্নাতকোত্তর ডিগ্রী - ৫.০০<br>(খ) তথ্য প্রযুক্তি সম্পর্কিত জ্ঞান বা অভিজ্ঞতা (ব্যবহারিক) - ৫.০০ | ১০ |
| (৪) | **অভিজ্ঞতা (চাকরিকাল)—**<br>উপ-মহাব্যবস্থাপক, সিস্টেম ম্যানেজার বা সমমানের পদে প্রতি বৎসর চাকরির জন্য ২.৫ (আড়াই) নম্বর এবং অনূর্ধ্ব ১০(দশ) নম্বর প্রাপ্য হইবে। | ১০ |

| অংশ-২<br>সাক্ষাতকার কমিটি কর্তৃক অনুসরণীয় | | |
|---|---|---|
| (১) | সাক্ষাতকার | ১৫ |
| | মোট = | ১০০ |

**ব্যাখ্যা:** এই তফসিলের উদ্দেশ্য পূরণকল্পে কোন "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মখফার উদ্দিন খোকন**
সহকারী সচিব
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd